

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৫৫  
বিলোনীয়া, ২১ নভেম্বর, ২০২৩

**২৩ নভেম্বর দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক প্রগেসিভ ফার্মার্স মিট**

বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটরিয়ামে আগামী ২৩ নভেম্বর অনুষ্ঠিত হবে দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক প্রগেসিভ ফার্মার্স মিট ও কনভারজেন্স ওয়ার্কসপ-২০২৩। ঐদিন সকালে অনুষ্ঠানের উদ্বোধন করবেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক স্বপ্না মুজুমদার, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ প্রমুখ। দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণও এই কর্মশালায় উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*